

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাত বিষয়ে জ্ঞাতব্য (معلوماة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৮. ছালাতের ওয়াজিব সমূহ (واجبات الصلاة)

রুকন-এর পরেই ওয়াজিব-এর স্থান, যা আবশ্যিক। যা ইচ্ছাকৃতভাবে তরক করলে ছালাত বাতিল হয়ে যায় এবং ভুলক্রমে তরক করলে 'সিজদায়ে সহো' দিতে হয়। যা ৮টি। [118] যেমন-

- ১. 'তাকবীরে তাহরীমা' ব্যতীত অন্য সকল তাকবীর।[119]
- ২. রুকূতে তাসবীহ পড়া। কমপক্ষে 'সুবহা-না রব্বিয়াল 'আযীম' বলা।[120]
- ৩. ক্বাওমার সময় 'সামি'আল্লা-হু লেমান হামেদাহ' বলা।[121]
- ৪. রুওমার দো'আ কমপক্ষে 'রববানা লাকাল হাম্দ' অথবা 'আল্লা-হুম্মা রববানা লাকাল হাম্দ' বলা। [122]
- ৫. সিজদায় গিয়ে তাসবীহ পড়া। কমপক্ষে 'সুবহা-না রবিবয়াল আ'লা' বলা।[123]
- ৬. দুই সিজদার মাঝখানে স্থির হয়ে বসা ও দো'আ পাঠ করা। যেমন কমপক্ষে 'রবিবগফিরলী' ২ বার বলা।[124]
- ৭. প্রথম বৈঠকে বসা ও 'তাশাহহুদ' পাঠ করা।[125]
- ৮. সালামের মাধ্যমে ছালাত শেষ করা।[126]

ফুটনোট

- [118] . মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাব, 'ছালাতের আরকান ও ওয়াজিবাত' গৃহীত: মাজমূ'আ রাসা-ইল ফিছ ছালাত (রিয়াদ: দারুল ইফতা, ১৪০৫ হিঃ) পুঃ ৭৮।
- [119] . বুখারী, মুসলিম ও অন্যান্য, মিশকাত হা/৭৯৯, ৮০১, 'ছালাতের বিবরণ' অনুচ্ছেদ-১০; ফিরুহুস্ সুন্নাহ ১/১২০।
- [120] . নাসাঈ, আবুদাঊদ তিরমিয়ী, মিশকাত হা/৮৮১ 'রুকূ' অনুচ্ছেদ-১৩।
- [121] . বুখারী, মুসলিম, মিশকাত হা/ ৮৭০, ৭৪, ৭৫, ৭৭।
- [122] . বুখারী হা/৭৩২-৩৫, ৭৩৮, 'আযান' অধ্যায়, ৮২, ৮৩ ও ৮৫ অনুচ্ছেদ; মুসলিম হা/৮৬৮, 'ছালাত' অধ্যায়; মুসলিম হা/৯০৪, ৯১৩ 'ছালাত' অধ্যায়।



- [123] . নাসাঈ, আবুদাউদ, তিরমিযী, মিশকাত হা/ ৮৮১।
- [124] . ইবনু মাজাহ হা/৮৯৭; আবুদাঊদ হা/৮৫০, তিরমিয়ী হা/২৮৪; নাসাঈ হা/১১৪৫, মিশকাত হা/৯০০, ৯০১ 'সিজদা ও উহার ফ্যীলত' অনুচ্ছেদ-১৪; নায়ল ৩/১২৯ পৃঃ; মজমু'আ রাসা-ইল ৭৮ পৃঃ।
- [125] . আহমাদ, নাসাঈ, নায়ল ৩/১৪০; মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/৯০৯, 'তাশাহহুদ' অনুচ্ছেদ-১৫।
- [126] . আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হা/৩১২ 'পবিত্রতা' অধ্যায়-৩, 'যা ওযূ ওয়াজিব করে' অনুচ্ছেদ-১; আবুদাউদ, নাসাঈ, তিরমিয়ী, ইবনু মাজাহ, মিশকাত হা/৯৫০-৫১, 'তাশাহহুদের দো'আ' অনুচ্ছেদ-১৭ ; ফিকহুস সুন্নাহ ১/১০৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9176

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন